ইয়াহু! মেইলে পপ ইমেইল এ্যাকাউন্ট যুক্ত করা

আপনার লোকাল ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার হয়তো আপনাকে একটি ফ্রি POP (Post Office Protocol) ইমেইল এ্যাকাউন্ট দিয়েছে, তারপরও খোঁজ করলে দেখা যাবে যে, আপনার এক বা একাধিক ইয়াহু ইমেইল আইডি রয়েছে। এর মূল কারণ হলো, ইয়াহু প্রদত্ত সার্ভিসগুলোর তুমুল জনপ্রিয়তা। এদের মধ্যে ইয়াহু চ্যাট রুমগুলো, ম্যাসেঞ্জার এবং জিওসিটিস অপেক্ষাকৃত বেশী জনপ্রিয়। তো যাই হোক, আপনাকে নিশ্চয়ই নিয়মিত ইয়াহু মেইলে ইমেইল চেক করার জন্য সাইন-ইন করতে হয়? আবার আউটলুক, ইউডোরা কিংবা হালের ক্রেজ মজিলা থান্ডারবার্ড দিয়ে আপনার লোকাল ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার প্রদত্ত ইমেইল এ্যাকাউন্টটিরও ইমেইল চেক করতে হয়? ডাবল খাটুনি, তাই না? আচ্ছা কেমন হতো যদি একই সাথে দু'টো ইমেইল এ্যাকাউন্টই চেক করা যেত? এতে করে সময় ও ঝামেলা দু'টোর হাত থেকেই কিছুটা হলেও পরিত্রাণ পাওয়া যেত।

যেহেতু আপনি আউটলুক, ইউডোরা কিংবা মজিলা থান্ডারবার্ড থেকে ইয়াহু ফ্রি ইমেইল এ্যাকাউন্ট কনফিগার করতে পারবেন না, তাই আমাদের উল্টো রাস্তায় হাঁটতে হবে। অর্থাৎ, আমরা ইয়াহু মেইল থেকেই আপনার লোকাল পপ ইমেইল এ্যাকাউন্টটি এক্সেস করবো। ইয়াহু'র ওয়েব সাইটে অবশ্য এই বিষয়টি নিয়ে একটি টিউটোরিয়াল দেওয়া আছে, তবে অবশ্যই বাংলায় নয়!!! তাহলে চলুন এবার শুরু করা যাক।

প্রথমে ইয়াহু মেইলে আপনার ইমেইল আইডি এবং পাসওয়ার্ড দিয়ে সাইন-ইন করুন। এবার ইয়াহু মেইলের উপরের ডান কোনায় Mail Options এ ক্লিক করুন। নিচের পাতাটি প্রদর্শিত হবে:



উপরের চিত্রে চিহ্নিত Mail Accounts এ ক্লিক করুন। এবার আপনি দেখতে পাবেন এই পাতাটি:



এখানে আপনার ডিফল্ট ইমেইল এ্যাকাউন্ট হিসেবে ইয়াহু! মেইল এ্যাকাউন্টটি দেখাবে। উপরের চিত্রে চিহ্নিত **Add** বাটনটিতে ক্লিক করুন। এবার নিচের পাতাটি আসবে:



চিত্রে চিহ্নিত এ্যাকাউন্ট নেমের জায়গায় আপনার সুবিধাজনক একটি নাম দিন। এখানে আমি **My POP3 Account** নামটি ব্যবহার করেছি। বামদিকের **Continue** বাটনটিতে ক্লিক করুন। এবার চলে আসবে এই পাতাটি:



এখানে মেইল সার্ভারের জায়গায় আপনার লোকাল ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের পপ ইমেইল সার্ভারটির এ্যাড্রেস লিখুন। এর পরের লাইনে আপনার পপ এ্যাকাউন্টটির ইউজার নেম লিখুন। তারপর পাসওয়ার্ডটি দিন। সবশেষে ইয়াহুতে আপনার এই ইমেইল এ্যাকাউন্টটি কোন রঙ দ্বারা চিহ্নিত হবে, তা **Indicator** অপশনটি থেকে বাছাই করে দিন। এবার বামদিকে অবস্থিত **Setup Mail Server** বাটনটিতে ক্লিক করুন। পরবর্তী পেজটিতে আপনি আপনার পপ ইমেইল এ্যাকাউন্টটি দেখতে পাবেন।



এবার মেইলে ক্লিক করে ইয়াহু মেইলের মেইন পেজটিতে চলে যান। এখন দেখুন বাম দিকের মেনুতে **Check Other Mail** অপশনটির নিচে আপনার পপ ইমেইল এ্যাকাউন্টটি দেখা যাচ্ছে।



এখানে উল্লেখ্য যে, ইয়াহু মেইলে সাইন-ইন করলে বাই ডিফল্ট ইয়াহু শুধুমাত্র নিজের ইমেইলগুলো চেক করবে। আপনার পপ ইমেইল এ্যাকাউন্টটির ইমেইল চেক করতে হলে আপনাকে অবশ্যই আপনার পপ ইমেইল এ্যাকাউন্টের লিংকটিতে ক্লিক করতে হবে। ও হ্যাঁ, আরেকটি কথা। ইয়াহু মেইল থেকে আপনি শুধুমাত্র আপনার পপ ইমেইলের মেইলগুলো চেক করতে পারবেন, কিন্তু পপ ইমেইল এ্যাকাউন্টটি থেকে কোন ইমেইল পাঠাতে পারবেন না। এক্ষেত্রে আপনাকে ইয়াহু মেইল এ্যাকাউন্টটি ব্যবহার করতে হবে। তবে ইয়াহু মেইল প্লাস এর গ্রাহকদের এই সুবিধা দেওয়া হয়।

অন্যান্য ফ্রি ইমেইল এ্যাকাউন্ট (যেমন: হটমেইল, এওএল, জিমেইল ইত্যাদি) ইয়াহু মেইলে কনফিগার করা যাবে না। জিমেইল এ্যাকাউন্ট করা যাবে না, কারণ জিমেইল সিকিউর অথেনটিকেশন ব্যবহার করে। এর জন্য আপনাকে আলাদা পোর্ট নাম্বার ব্যবহার করতে হবে। তবে অন্য কোন ফ্রি ইমেইল সার্ভিস প্রোভাইডার যদি আপনাকে তাদের ইমেইল সার্ভারে পপ এক্সেস প্রদান করে, তাহলে একইভাবে ইয়াহুতে সেই ইমেইল এ্যাকাউন্টটি সংযুক্ত করে নেওয়া যাবে।

আপনার পিসিতে কোন এ্যান্টি-ভাইরাস সফটওয়্যার ইনস্টল করা না থাকলে, ইয়াহু মেইলের মাধ্যমে আপনার পপ ইমেইল এ্যাকাউন্টের ইমেইলগুলো চেক করা বেশ সুবিধাজনক। কারণ, ইয়াহু আপনার পপ ইমেইল এ্যাকাউন্টের ইমেইলগুলোও তার এ্যান্টি-ভাইরাস সফটওয়্যারটি দিয়ে চেক করে দেবে :)

-- মোহাম্মদ আহ্সানুল হক শোভন

ইমেইল: shuvorim@yahoo.com

ওয়েবসাইট: http://www29.websamba.com/shovon